

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd))

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪৩.১৭- ১০৯৪

তারিখঃ ২৬ আষাঢ়, ১৪২৬  
১০ জুলাই, ২০১৯

বিষয়ঃ সরকারি পাসপোর্ট বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৈয়দ তোফাজ্জল হোসেন, পিতা: মরহুম সৈয়দ আলতাফ হোসেন, গ্রাম: সাদেকপুর, ডাকঘর: সাদেকপুর, উপজেলা: ভৈরব, জেলা: কিশোরগঞ্জ-কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মরহুম সৈয়দ আশরাফুল ইসলামের ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে নিয়োক্ত শর্তে নিয়োগ প্রদান করা হয়:

“মাননীয় মন্ত্রী যতদিন এ পদ আলংকৃত করবেন অথবা উপরিউক্ত ব্যক্তিকে নিয়োগকৃত পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে”।

উক্ত নিয়োগ আদেশ অনুযায়ী তিনি মাননীয় মন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। যোগদানের পর তার নামে একটি সরকারি পাসপোর্ট গ্রহণ করেন। মাননীয় মন্ত্রী মহোদয় গত ০৩/০১/২০১৯ তারিখ মৃত্যুবরণ করার ফলে নিয়োগের শর্তানুযায়ী উক্ত তারিখ হতে তার নিয়োগ আদেশ বাতিল হয়।

০২। বর্ণিতাবস্থায়, সৈয়দ তোফাজ্জল হোসেন, পিতা: মরহুম সৈয়দ আলতাফ হোসেন, মাতা: মোছা: সফুরা খাতুন, গ্রাম: সাদেকপুর, ডাকঘর: সাদেকপুর, উপজেলা: ভৈরব, জেলা: কিশোরগঞ্জ-এর নামে ইস্যুকৃত সরকারি পাসপোর্টটি (পাসপোর্ট নং-OC7168046) বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১০(দশ) পৃষ্ঠা।

১  
১০.০৭.২০১৯  
(মোঃ এনামুল হক)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০২১৮  
[adminint@mopa.gov.bd](mailto:adminint@mopa.gov.bd)

মহাপরিচালক,  
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব সৈয়দ তোফাজ্জল হোসেন, পিতা: মরহুম সৈয়দ আলতাফ হোসেন, মাতা: মোছা: সফুরা খাতুন, গ্রাম: সাদেকপুর, ডাকঘর: সাদেকপুর, উপজেলা: ভৈরব, জেলা: কিশোরগঞ্জ।
- ৪। অফিস কপি/মাস্টার ফাইল।